

জি-সেফট্রিঅ্যাক্স[®] ইনজেকশন (সেফট্রিঅ্যাকসন সোডিয়াম ইউএসপি)

উপাদান :

জি-সেফট্রিঅ্যাক্স বিভিন্ন মাত্রার ইনজেকশনে রয়েছে বিভিন্ন পরিমাণের সেফট্রিঅ্যাকসন-এর সমপরিমাণ সেফট্রিঅ্যাকসন সোডিয়াম ইউএসপি।

বর্ণনা :

সেফট্রিঅ্যাকসন সোডিয়াম ইউএসপি সেফালোসপেরিন গ্রুপের তৃতীয় পর্যায়ের একটি উপাদান। ইহা ই, এ্যারোজিনিস, ই, কোলাই, এইচ ইনফ্লুয়েনজা, কে নিউমোনিই, এন গনোরিয়া, এন মেনিনজাইটিস, পি মিরাবিলিস, পি ভালগারিস প্রভৃতি গ্রাম নেগেটিভ এ্যারোবেস-এর বিরুদ্ধে কার্যকর। তাছাড়া স্যুডোমোনাস এ্যারোজিনোসার অনেক স্ট্রেইন এবং গ্রাম পজেটিভ এ্যারোবেস যেমন : স্টেফাইলোকক্কাই, অরিয়াস, স্ট্রেপটোকক্কাস নিউমোনিই এবং স্ট্রিপ পাইওজিনিস প্রভৃতির বিরুদ্ধে কার্যকর।

রোগ নির্দেশনা :

নিম্নে উল্লেখিত সংক্রমণে জি-সেফট্রিঅ্যাক্স কার্যকর। নিম্ন শ্বাসনালীর সংক্রমণে, মধ্য কর্ণের তীব্র প্রদাহ, ত্বক ও ত্বকের গঠনে সংক্রমণ, মূত্রনালীর সংক্রমণ, পেলভিসের প্রদাহজনিত রোগ, ব্যাকটেরিয়াল সেপটিসিমিয়া, অস্টি ও অস্টিস্কি সংক্রমণ, অন্তঃ উদরীয় সংক্রমণ (Intra-abdominal infections), মেনিনজাইটিস।

ব্যবহার মাত্রা :

বয়স্কদের জন্য ১ গ্রাম থেকে ২ গ্রাম দিনে একবার অথবা সংক্রমণের তীব্রতা অনুযায়ী সমভাবে বিভক্ত দিনে দুইবার।

দিনে ৪ গ্রামের অধিক মাত্রা ব্যবহার করা উচিত নয়।

জটিল নয় এমন গনোকক্কাল সংক্রমণ চিকিৎসায় একক মাত্রা (Single dose) মাংসপেশীতে ২৫০ মিঃ গ্রাম।

কোন শল্যচিকিৎসায় (সার্জিক্যাল প্রোফাইলেক্সিস) অন্তঃ শিরায় অপারেশনের আধা ঘণ্টা থেকে ২ ঘণ্টা পূর্বে একক মাত্রা ১ গ্রাম।

শিশুদের চিকিৎসায় :

ত্বক ও ত্বকের গঠনে সংক্রমণ, মেনিনজাইটিস ব্যতীত অন্যান্য যাবতীয় তীব্র সংক্রমণে দৈনিক ৫০-৭৫ মিঃ গ্রাম/ কেজি শরীরের ওজন দুইটি সমবিভক্ত মাত্রায়। তবে দৈনিক ২ গ্রাম-এর উর্ধ্বে দেওয়া যাবে না।

মধ্যকর্ণের তীব্র প্রদাহে ৫০ মিঃ গ্রাম/ কেজি মাংসপেশীতে একক মাত্রায়। তবে দৈনিক ১ গ্রাম-এর উর্ধ্বে দেওয়া যাবে না।

মস্তিষ্ক ঝিল্লীর প্রদাহে প্রাথমিক মাত্রা - ১০০ মিঃ গ্রাম/কেজি। তবে দৈনিক ৪ গ্রামের অধিক নয়। পরবর্তীতে সার্বিক দৈনিক মাত্রা ১০০ মিঃ গ্রাম/কেজি এবং ৭ থেকে ১৪ দিন ব্যবহার করতে হবে।

অন্তঃ শিরায় ব্যবহার :

জি-সেফট্রিঅ্যাক্স ইনজেকশনের সঙ্গে মাংসপেশীতে ব্যবহারের জন্য সরবরাহকৃত লিডোকেইন ইনজেকশন অন্তঃ শিরায় কখনও দেয়া যাবে না।

অন্তঃ শিরায় : জি-সেফট্রিঅ্যাক্স ৫০০ মিঃ গ্রাম/ ৫ মিঃ লিঃ, ১ গ্রাম/ ১০ মিঃ লিঃ এবং ২ গ্রাম/ ২০ মিঃ লিঃ ইনজেকশনের পানিতে ভালভাবে দ্রবীভূত করতে হবে। তারপর ২ থেকে ৪ মিনিটের মধ্যে আস্তে আস্তে অন্তঃ শিরায় দিতে হবে।

ইনফিউশনে : ২ গ্রাম পর্যন্ত জি-সেফট্রিঅ্যাক্স কমপক্ষে ৩০ মিনিটে ইনফিউশনে দিতে হবে। প্রতি মিঃ লিঃ-তে ১০ মিঃ গ্রাম থেকে ৪০ মিঃ গ্রাম দেওয়া যেতে পারে। প্রয়োজনে এর চেয়ে কম পরিমাণও দেওয়া যেতে পারে। ০.৯% সোডিয়াম ক্লোরাইড সলিউশন,

৫% অথবা ১০% ডেক্সট্রোজ সলিউশন + ০.৯% (অথবা ০.৪৫%) সোডিয়াম ক্লোরাইড সলিউশন অথবা ইনজেকশনের পানি ব্যবহার করা যেতে পারে।

মাংসপেশীতে ব্যবহার :

২৫০ মিঃ গ্রাম অথবা ৫০০ মিঃ গ্রাম, ২ মিঃ লিঃ, ১ গ্রাম, ৩.৫ মিঃ লিঃ ১% লিডোকেইন সলিউশনে দ্রবীভূত করে মাংসপেশীতে ইনজেকশন দিতে হবে।

রোগের উপসর্গ নিরাময়ের পরেও কমপক্ষে দুই দিন ব্যবহার করতে হবে। প্রচলিত চিকিৎসাকাল : ৪ থেকে ১৪ দিন। জটিল সংক্রমণে অধিক সময় ধরে চিকিৎসা প্রয়োজন হতে পারে।

সতর্কতা :

জি-সেফট্রিঅ্যাক্স দিয়ে চিকিৎসা করার পূর্বে রোগী সেফালোসপেরিনস, পেনিসিলিনস বা অন্য কোন ওষুধে সংবেদনশীল কিনা তা নিশ্চিতভাবে জানার জন্য জি-সেফট্রিঅ্যাক্স ইনজেকশন শরীরে প্রয়োগের পূর্বে টেস্ট ডোজ দিয়ে সহনীয়তা অবশ্যই পরীক্ষা করতে হবে, যদি সহনীয়তা পরীক্ষায় উত্তীর্ণ হয় তবে ইনজেকশনের সকল বিধি মেনে ২ থেকে ৪ মিনিট ব্যাপি আস্তে আস্তে ইনজেকশন শরীরে প্রয়োগ করতে হবে। যদি রোগী সংবেদনশীল হয় তবে জি-সেফট্রিঅ্যাক্স ইনজেকশন দেওয়া যাবে না।

সেফালোসপেরিন গ্রুপের কোন ওষুধে হঠাৎ অতি সংবেদনশীল হলে ইপিনিফ্রিন ইনজেকশন অথবা ত্বকে (Sub cutaneous) এবং থ্রোকোকরটিকোয়েড অন্তঃশিরায় দিতে হবে।

বিরূপ প্রতিক্রিয়া :

জি-সেফট্রিঅ্যাক্স বেশ সহনশীল তবে নিম্নে উল্লেখিত প্রতিক্রিয়া দেখা দিতে পারে : যেমন খিঁচনি (Convulsion), লোকাল পেইন, কাঠিন্য, স্পর্শে অসহ্যতা, র্যাশ, জ্বর, ঠাণ্ডা অনুভূত ও চুলকানি হতে পারে। এ ছাড়াও ইয়োসাইনোফিলিয়া, প্রোথোসাইটোসিস, জিউকোপেনিয়া, প্রোথোসাইটোপেনিয়া এবং প্রোথোমিন টাইম দীর্ঘ হতে পারে। বমি বমি ভাব, বমি এবং ডায়রিয়া, এসজিওটি এবং বিলিরুবিনের মাত্রা বৃদ্ধি পায়, মাথা ব্যথা ও মাথা ঝিমঝিমও দেখা দিতে পারে।

জি-সেফট্রিঅ্যাক্স অন্য ব্রড স্পেকট্রাম এন্টিবায়োটিকের সঙ্গে ব্যবহারের ফলে মোনিলিয়াসিস অথবা যোনিপথে ভ্যাঙ্গাইনাইটিস এবং সিউডোমোমব্রেনেলাস কোলাইটিস দেখা দিতে পারে।

উপস্থাপন :

জি-সেফট্রিঅ্যাক্স ২৫০ মিঃ গ্রাম (আই এম ইনজেকশন)

+ জি-লিডোকেইন ১% ইনজেকশন ২ মিলি এম্পুল

জি-সেফট্রিঅ্যাক্স ২৫০ মিঃ গ্রাম (আই ভি ইনজেকশন)

জি-সেফট্রিঅ্যাক্স ৫০০ মিঃ গ্রাম (আই এম ইনজেকশন)

+ জি-লিডোকেইন ১% ইনজেকশন ২ মিলি এম্পুল

জি-সেফট্রিঅ্যাক্স ৫০০ মিঃ গ্রাম (আই ভি ইনজেকশন)

জি-সেফট্রিঅ্যাক্স ১ গ্রাম (আই এম ইনজেকশন)

+ জি-লিডোকেইন ১% ইনজেকশন ৩.৫ মিলি এম্পুল

জি-সেফট্রিঅ্যাক্স ১ গ্রাম (আই ভি ইনজেকশন)

জি-সেফট্রিঅ্যাক্স ২ গ্রাম (আই ভি ইনজেকশন)



বিশ্ব স্বাস্থ্য সংস্থার অত্যাবশ্যকীয়
ওষুধ তালিকা এর অন্তর্ভুক্ত।

প্রস্তুতকারক :



গণস্বাস্থ্য ফার্মাসিউটিকেলস্ লিমিটেড
মির্জাপুর ভায়া সাভার ক্যান্টন, সাভার, ঢাকা-১৩৪৪, বাংলাদেশ